গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বাবুগঞ্জ, বরিশাল।

## বাবুগঞ্জ উপজেলার আইন-শৃঙ্খলা কমিটির অক্টোবর, ২০২২ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি : নুসরাত ফাতিমা
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
বাবুগঞ্জ, বরিশাল।

সভার তারিখ : ১৩/১০/২০২২ খ্রি: তারিখ; সময় : ১০:০০ টায়।
স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, বাবুগঞ্জ, বরিশাল।

সভার শুরুতে উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অত:পর বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয় এবং তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

| থানার নাম | সময় কাল | ডাকাতি | দস্যুতা | খুন | এসিড নিক্ষেপ | সিঁধেল চুরি | চুরি | নারী নির্যাতন | অপহরণ | অস্ত্র আইন | চোরাচালান | মাদকদ্রব্য | বিস্ফোরক দ্রব্য | পুলিশ আক্রান্ত | দ্রুত বিচার | শিশু নির্যাতন | অন্যান্য | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| এয়ার পোর্ট থানা | সেপ্টেম্বর/২২ | - | -- | -- | -- | ০২ | ০২ | -- | -- | -- | -- | ২২ | -- | -- | - | ০১ | ০৪ | ৩১ |
| | সেপ্টেম্বর/২১ | - | -- | -- | -- | -- | ০১ | ০১ | - | -- | -- | ১৬ | - | -- | - | ০২ | ১১ | ৩৫ |
| বাবুগঞ্জ | সেপ্টেম্বর/২২ | - | --- | -- | - | -- | -- | ০১ | ০১ | -- | -- | ০১ | -- | -- | - | -- | ০২ | ০৫ |

সভায় উপস্থাপিত বিষয়াবলী বিশ্লেষণ ও পর্যালোচনান্তে গৃহীত সিদ্ধান্তসমূহ ঃ

| ক্র:নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | আইন-শৃঙ্খলা সংক্রান্ত | # চেয়ারম্যান উপজেলা পরিষদ বাবুগঞ্জ,বরিশাল সভায় জানান যে, আগামী ১৭/১০/২০২২ খ্রিস্টাব্দ তারিখ বাবুগঞ্জ ডিগ্রী কলেজে জেলা পরিষদ সদস্য নির্বাচন কেন্দ্রে নির্ধারন করা হয়েছে। উক্ত নির্বাচন সুষ্ঠ ও সুন্দর পরিবেশে যাহাতে অনুষ্ঠিত হয় এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করা হয়।<br># আইন-শৃঙ্খলা পরিস্থিতি যেন বিঘ্নিত না হয় সে জন্য আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর টহল বাড়াতে হবে এবং গোয়েন্দা নজরদারী বাড়াতে হবে। | ১।উপজেলা নির্বাহী অফিসার,বাবুঘগঞ্জ, বরিশাল<br>২। সহকারী কমিশনার (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, বাবুগঞ্জ বরিশাল।<br>৩। অফিসার ইন-চার্জ, এয়ারপোর্ট থানা, মেট্রোপলিটন পুলিশ, বরিশাল।<br>৪। অফিসার ইন-চার্জ, বাবুগঞ্জ থানা, বাবুগঞ্জ, বরিশাল। |
| ০২ | সড়ক ও মহাসড়কে যানবাহন / নির্বাচন/নিখোজ নিয়ে আলোচনা | # উপজেলা নির্বাহী অফিসার, সভায় জানান যে, ঢাকা-বরিশাল মহাসড়কে রহমতপুর ব্রীজের ঢালে সার্বক্ষণিক একজন ট্রাফিক পুলিশ নিয়োগের জন্য জেলা আইন-শৃঙ্খলা সভায় উপস্থাপন করা হয়েছে। বরিশাল মেট্রোপলিটন পুলিশ কমিশনার মহোদয়েকে এ বিষয় দ্রুত পদক্ষেপ নেয়ার জন্য অনুরোধ করা হয়েছে। অফিসার ইন-চার্জ, এয়ারপোর্ট থানা, বরিশাল মেট্রোপলিটন পুলিশ, বরিশাল ও জনবল কোঠা বাড়িয়ে ট্রাফিক নিয়োগ দেয়ার জন্য একমত পোষন করেন।<br># চেয়ারম্যান রহমতপুর ইউনিয়ন পরিষদ সভায় বাবুগঞ্জ স্টীল ব্রীজের ঢাল কম থকায় গাড়ী চালকদের ঝুকিতে গাড়ি চালাতে হয়। ঢালের স্লোপ স্বাভাবিক করার জন্য সড়ক বিভাগরে মাধ্যেমে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | ১। উপজেলা নির্বাহী অফিসার, বাবুগঞ্জ, বরিশাল<br>২। উপজেলা প্রকৌশলী, বাবুগঞ্জ, বরিশাল।<br>৩। অফিসার ইন-চার্জ, এয়ারপোর্ট থানা, মেট্রোপলিটন পুলিশ, বরিশাল।<br>৪। অফিসার ইন-চার্জ, বাবুগঞ্জ থানা, বাবুগঞ্জ, বরিশাল। |
| ০৩ | মৎস্য রক্ষা ও সংরক্ষণ | # মা ইলিশ রক্ষা অভিযান চলাকালীন অদ্য ১৩/১০/২০২২ খ্রিস্টাব্দ তারিখ বাবুগঞ্জ মুলাদীর বর্ডারে কাঠেরচর নামক স্থানে অবৈধ ভাবে মা ইলিশ শিকারী জেলেরা একত্রিত হয়ে অভিযানে ব্যবহৃত স্প্রীডবোট ও ট্রলারে হামলাচালায়। এ হামলা থেকে রক্ষার জন্য আনসার বাহিনীর শর্টগান থেকে ফাঁকা ফায়ার করতে হয়েছে। যা | ১। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল<br>২। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ( সকল), বাবুগঞ্জ, বরিশাল। |

| | | | |
|---|---|---|---|
| | | চেয়ারম্যান ও ইউনিয়ন পরিষদ সদস্য/ চৌকিদার স্থানীয় গন্যমাণ্য ব্যক্তিদের একত্রিত হয়ে মা ইলিশ রক্ষায় এগিয়ে আসার আহ্বান জানিয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হয়।<br># মা ইলিশ সংরক্ষণের লক্ষ্যে উপজেলার সকল হাট/বাজার ও নদীতে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| ০৪ | মোবাইল কোর্ট আইন, ২০০৯ এর আওতায় মোবাইল কোর্ট পরিচালনা | #চেয়ারম্যান, কেদারপুর ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, তার এলাকায় হোটেল অপরিস্কার/ অস্বাস্থ্যকর পরিবেশে চলে। এর বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। এছাড়া ঔষধের দোকান গুলিতে মেয়াদ উর্ত্তীন ঔষধ বিক্রি কারা হয় মর্মে সভাকে অবহিত করেন। এ বিষয় মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, বাবুগঞ্জ, বরিশাল।<br>২। সহকারী কমিশনার (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, বাবুগঞ্জ বরিশাল। |
| ০৫ | মাদক বিরোধী আলোচনা | # চেয়ারম্যান মাধবপাশা ইউনিয়ন পরিষদ সভাকে অবহিত করেন তার এলাকায় জুয়াখেলা নিয়ন্ত্রনে এসেছে এ জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। তবে গাজা ও ইয়াবা সেবনকারী বেড়ে গিয়েছে। এ বিষয় আইন-শৃঙ্খলা বাহিনীর সহায়তায় মাদক বিরোধী অভিযান পরিচালনা আরো জোরদার করার অনুরোধ করা হয়। | ১। অফিসার ইন-চার্জ, এয়ারপোর্ট থানা, বরিশাল মেট্রোপলিটন পুলিশ বরিশাল।।<br>২। অফিসার ইন-চার্জ, বাবুগঞ্জ থানা, বরিশাল |
| ০৬ | উপজেলার শিক্ষা প্রতিষ্ঠানে আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ে আলোচনা | # সভায় উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদেরকে বাল্যবিবাহ/ মাদক ও ইভটিজিং থেকে রক্ষাপেতে ছাত্র ও অভিভাবকদের সচেতনতা মুলক কার্যক্রম গ্রহণ করার আহ্বান জানানো হয়।<br># উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, আগামী ০৬/১১/২০২২ খ্রিস্টাব্দ তারিখ হতে এইচএসসি/আলিম/ এইচএসসি(ভোকেশনাল) পরীক্ষা শুরু হতে যাচ্ছে। উক্ত পরীক্ষা সুষ্ঠূ ও নকল মুক্ত পরিবেশে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | ১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাবুগঞ্জ, বরিশাল।<br>২। অফিসার ইন-চার্জ, এয়ারপোর্ট থানা/ অফিসার ইন-চার্জ, বাবুগঞ্জ থানা, |
| ০৭ | পুজা মন্ডপে আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ে আলোচনা | # অফিসার ইন-চার্জ, বাবুগঞ্জ থানা, বাবুগঞ্জ,বরিশাল। সভাকে জানান যে, হিন্দুদের ধর্মীয় দুর্গাউৎসব সুন্দর ও শান্তিপুর্ন পরিবেশে উদযাপিত হওয়ায় সকলকে ধন্যবাদ জানান। আগামী ২৪ অক্টোবর কালীপূজা সুষ্ঠূ ও অসাম্প্রদায়িক ভাবে পালনের জন্য সকলকে আহ্বান জানান। | ১। অফিসার ইন-চার্জ, এয়ারপোর্ট থানা, বরিশাল মেট্রোপলিটন পুলিশ বরিশাল। |

অত:পর সভাপতি সভায় বলেন যে, ঢাকা-বরিশাল মহাসড়কে রহমতপুর ব্রীজে একজন ট্রাফিক পুলিশ সার্বক্ষণিক নিয়োগের জন্য জেলা আইন শৃঙ্খলা কমিটির মাসিক সভায় আলোচনা পুর্বক সিদ্ধান্ত গ্রহণে অনুরোধ জানানো হয়েছে। এছাড়া সরকারি সকল নির্দেশনা যথাযথ অনুসরণ ও বাস্তবায়ন করার জন্য সকলের সহযোগিতা কামনা করা হয়।

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সকলের সু-স্বাস্থ্য কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৩/১০/২২

(নুসরাত ফাতিমা)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
বাবুগঞ্জ, বরিশাল।

২৩/১০/২২

ক নম্বর-০৫.১০.০৬০৩.০০১.০৬.০০১.২২-৯৯০ তারিখ ঃ ২৮ আশ্বিন, ১৪২৯ বঙ্গাব্দ

১৩ অক্টোবর,২০২২ খ্রিস্টাব্দ

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো-

১. মাননীয় সংসদ সদস্য-১২১,বরিশাল-৩

২. বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, বরিশাল।

৩. পুলিশ সুপার, বরিশাল।

৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাবুগঞ্জ, বরিশাল।

৫. সহকারী কমিশনার (ভূমি), বাবুগঞ্জ, বরিশাল।

৬. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাবুগঞ্জ, বরিশাল।

৭. অফিসার ইন-চার্জ, বাবুগঞ্জ থানা/এয়ারপোর্ট থানা, বরিশাল মেট্রোপলিটন পুলিশ, বরিশাল।

৮. উপজেলা ......................................অফিসার, বাবুগঞ্জ, বরিশাল।

৯. সহকারী প্রোগ্রামার,তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর,বাবুগঞ্জ,বরিশাল (ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ সহ)।

১০. অধ্যক্ষ/প্রধান শিক্ষক...................................................... বাবুগঞ্জ, বরিশাল।

১১. চেয়ারম্যান, জাহাঙ্গীরনগর/কেদারপুর/দেহেরগতি/চাঁদপাশা/রহমতপুর/মাধবপাশা ইউপি, বাবুগঞ্জ, বরিশাল।

১২. জনাব......................................................বাবুগঞ্জ, বরিশাল

১৩. অফিস নথি।

১৩/১০/২২

উপজেলা নির্বাহী অফিসার
বাবুগঞ্জ, বরিশাল।